# উপজেলা পরিষদ কার্যালয়
থানচি, বান্দরবান পার্বত্য জেলা

## আগস্ট ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি : থোয়াইহ্লা মং মার্মা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, থানচি।
তারিখ : ২২ আগস্ট ২০২১ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, থানচি

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেয়া হয়েছে।

সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরনী সভায় উপস্থাপন করেন এবং অন্য কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতপর সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয়।

**বিভাগওয়ারী আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত :**

| ক্র: নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি) :** ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ৩০.১৫/- টাকার ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দকৃত অর্থ প্রতিটি ইউনিয়নে চাহিত চাহিদা মোতাবেক বরাদ্দ প্রদান করা হবে। | ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কিস্তির অর্থ ইউনিয়ন ভিত্তিক বিভাজনের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী থানচি, বান্দরবান |
| ২. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় :** ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক ও উপজেলা ভিত্তিক সাধারন প্রকল্পের বরাদ্দ এখনো পাওয়া যায়নি। তবে ২৯/০৭/২০২১ খ্রি. তারিখে থানচি উপজেলায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের জন্য মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং ৫.০০ মেঃটন চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত টাকা দ্বারা ত্রাণসামগ্রী ক্রয় করে বিতরণ করা হয়েছে এবং ৫.০০০ মেঃ টন চাল ইউনিয়ন ভত্তিক বিভাজন পূর্বক ছাড় করা হয়েছে। | ক-১)২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক ও উপজেলা ভিত্তিক সাধারন প্রকল্পের বরাদ্দ পাওয়া গেলে প্রতিটি প্রকল্প অগ্রাধীকার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হবে। | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা থানচি, বান্দরবান |
| ৩. | **উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয় :** উপজেলা শিক্ষা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। নগদের মাধ্যমে উপবৃত্তি বিতরণে শিক্ষক ও অফিসের প্রশাসনিক কার্যক্রম সমাপ্ত হয়েছে। ইউএনডিপি'র জাতীয়করণ কৃত বিদ্যালয়সমূহের পরিদর্শন ও অবকাঠামো উন্নয়ন বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে। | সরকারী নির্দেশনা আসার সাথে সাথে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকতা থানচি, বান্দরবান |
| ৪. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় :** একাডেমিক সুপারভাইজার জানান যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস সকল শিক্ষা প্রতিষ্ঠান যথাযথ মর্যাদায় পালন করা হয়েছে। ২০২২ সালের এসএসসি শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট মূল্যায়ন কার্যক্রম চলমান এবং ৬ষ্ঠ, হতে নবম শ্রেনীর শিক্ষার্থীদের এ্যাসেইনমেন্ট কার্যক্রম স্থগিত রয়েছে। CRVS ও VID ব্যবস্থার আলোকে শিক্ষার্থী প্রোফাইল প্রদানের কার্যক্রম স্থগিত। পরবর্তী মাসে শিক্ষার্থীদের প্রশিক্ষন প্রদান করা হবে। তিনি আরো জানান যে, শিক্ষার্থীদের তথ্যফরম পূরন এবং ডাটা এন্টি বিষয়ে থানচি উপজেলার প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও আইসিটি বিষয়ক অভিজ্ঞ একজন শিক্ষককে প্রশিক্ষন প্রদান করা হবে। অন্যান্য প্রশাসনিক কাজ চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনা নিশ্চিত করার জন্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা থানচি, বান্দরবান |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৫. | **সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কার্যালয় ঃ** সহকারী প্রকৌশলীর প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) থানচি, বান্দরবান |
| ৬. | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, হাম রুবেলার টিকা কার্যক্রম (৯মাস হতে ১০বছর বয়সের) কার্যক্রম সম্পন্ন হয়েছে। থানচি উপজেলায় লক্ষ্যমাত্রা ছিল- ৫৪৮১ জন এবং ৫০০০ শিশুকে টিকা দেওয়া হয়েছে। স্বাস্থ্য বিধি মেনে কোভিড- ১৯ এর টেস্ট চলমান রয়েছে এবং কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম ও চলমান আছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত ঔষধ মজুদ রয়েছে। নিয়মিত টিকাদান কার্যক্রম, মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা, এএনসি ও পিএনসি কার্যক্রম চলমান রয়েছে। জরুরী বিভাগে সার্বক্ষনিক ডাক্তার, নার্স ও চিকিৎসা সহকারী নিয়োজিত আছেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখাসহ মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্যকর্মীর কার্যক্রম মনিটরিং করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা থানচি, বান্দরবান |
| ৭. | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, ঈদুল ফিতর উপলক্ষে বরাদ্দকৃত ভিজিএফ খাতে ৫০.৭৪০ মে:টন চাল ৪ টি ইউনিয়নে সঠিক সময়ে বিতরন সম্পন্ন করা হয়েছে। বর্তমানে নতুন কোন কর্মসূচীর উপ-বরাদ্দ আসেনি। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক থানচি, বান্দরবান |
| ৮. | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, থানচি উপজেলায় মোট ৬৭টি সমিতি রয়েছে। তৎমধ্যে ৩৮টি সক্রিয় এবং ২৯টি নিষ্কিয়। মোট সদস্য সংখ্যা ৯০৪ জন। বৎসরে মাননীয় প্রধান মন্ত্রীর প্রনোদনার ঋণ বিতরন ৪.০০ লক্ষ, বৎসরে ঋণ আদায়- ২.০০ লক্ষ, বৎসরে সঞ্চয়-০.১৩ লক্ষ টাকা। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখাসহ খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা থানচি, বান্দরবান |
| ৯. | **উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা কৃষি কর্মকর্তার জানান যে, অত্র উপজেলায় রাজস্ব খাতের আওতায় রোপা আউশ প্রদর্শনী ১০ টি, রোপা আপ প্রদর্শনী ৩০ টি বর্তমানকুশি আগামী মাসে মাঠ হতে উত্তোলন করা হবে। রোপা আমন প্রদর্শনী ১০ টি, রোপা আমন ফলো আপ প্রদর্শনী ৬২ টি রোপন করা হয়েছে। কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প হইতে ২টি হলুদ প্রদর্শনী বাড়ন্ত অবস্থায় আছে। অনাবাদি পতিত জমি ও বসতবাড়ি আঙ্গিনায় পরিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ১০ টি প্রদর্শনী কার্যক্রম চলমান। কাজুবাদাম জাত ও প্রযুক্তি প্রদর্শনী ৭ টি বানিজ্যিক প্রদর্শনী ১১টি মাঠ পর্যায়ে স্থাপন করা হয়েছে। জাত ও প্রযুক্তি প্রদর্শনী ৫০টি, বানিজ্যিক প্রদর্শনী ৯টি কার্যক্রম চলমান আছে। বর্তমানে খরিপ-১ মৌসুমে আউশ প্রনোদনার আওতায় ৫০০ টি উচ্চ ফলনশীল (উফশী) জাতের প্রদর্শনী স্থাপন করা হয়েছে। মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি অফিসারগণ স্থাপনকৃত প্রদর্শনী ও কৃষকের নিজ উদ্যোগে মাঠ পর্যায়ে আবাদকৃত বিভিন্ন ফসল পরিদর্শন পূর্বক কৃষক-কে প্রয়োজনীয় সেবা প্রদান করে যাচ্ছে। বর্তমানে অত্র উপজেলায় রাসয়নিকক সারের কোন সংকট নাই। | ১। থানচি উপজেলার কোথাও যাতে সারের সংকট না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখাসহ সরকার নির্ধারিত মূল্যের বাইরে অতিরিক্ত মূল্যে যাতে সার বিক্রি যেন না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখাসহ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা/ সংশ্লিষ্ট সার ডিলার সকল, থানচি, বান্দরবান |
| ১০. | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি মেনে তিন্দু, বলিপাড়া ও থানচি সদর ইউনিয়নে ১৪ টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে মা ও শিশুদের স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। মায়েদের প্রতিষ্ঠানিক ডেলিভারি বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং উদ্ধুদ্ধকরনে মতবিনিময় করা হয়। কৈশোর কালীন স্বাস্থ্য তথা প্রজনন স্বাস্থ্য বিষয়ক স্বাস্থ্যবিধি মেনে কিশোর কিশোরীদের পরামর্শ দেয়া হয়। কিশোরীদের স্যানিটারী প্যাড, মাস্ক,হ্যান্ড সেনিটাইজার বিতরন করা হয়। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, থানচি, বান্দরবান |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১. | **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। জুলাই ২০২১ মাসে উপজেলা প্রাণি সম্পদ হাসপাতালের গরু-২৫টি, ছাগল-৩৬টি, ভেড়া-৭টি, শুকর-৪৮টি, হাঁস-১০টি, মুরগী- ১৫০টি চিকিৎসা সেবা প্রদান করা হয়। তিনি আরও জানান যে, ফ্রি মেডিকেল ক্যাম্প ও ভ্যাকসিনেশন ক্যাম্প এবং আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্প চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, থানচি, বান্দরবান |
| ১২. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ২০২১-২০২২ চক্রে অনলাইনের মাধ্যমে মোট ১৬৭৪ আইসিভিজিডি উপকারভোগী নির্বাচন করা হয়েছে। জুলাই ২০২১ মাসের ভিজিডি চাল বিতরণ প্রক্রিয়াধীন। দরিদ্র মার জন্য মাতৃত্বকালীন ভাতা কর্মসূচীর ভাতা বিতরণ কার্যক্রমের আওতায় জুলাই ২০২১ মাসে ৪৫ জন উপকারভোগীর আবেদন আওয়া গেছে। আগামী ০৮ আগষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব এর জন্ম দিবস উদযাপনের লক্ষে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় রেখে দিবসটি উদযাপন করা হবে । উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আইজিএ প্রশিক্ষন প্রকল্পের প্রশিক্ষন কার্যক্রম ১৪/০৯/২০২১ তারিখ প্রশিক্ষণের ভর্তির স্বাক্ষাতকার নেয়া হবে। | ১) থানচি উপজেলার হতদরিদ্র পরিবারের মাঝে সেলাই মেশিনা বিতরণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, থানচি, বান্দরবান |
| ১৩. | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় ঃ** সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। ইতিপূর্বে উপজেলা পরিষদের কয়েকটি সভায় যুব ঋণ খেলাপীদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা করার সিদ্ধান্ত হওয়া সত্বেও কোন কার্যক্রম গ্রহণ না করায় সভায় ক্ষোভ প্রকাশ করেন। | যুব ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখাসহ খেলাপী ঋন গ্রহীতাদের কাছ থেকে টাকা আদায়ের নিমিত্ত সার্টিফিকেট মামলা রুজুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পুনরায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, থানচি, বান্দরবান |
| ১৪. | **উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক কর্মসূচির আওতায় সকল ভাতা ভোগীর তথ্য হালনাগাদ কাজ চলমান। থানচি উপজেলায় সুদ মুক্তঋণ আদায় চলমান আছে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, থানচি, বান্দরবান |
| ১৫. | **উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, জুলাই/২০২১ মাসে ৩২টি নিবন্ধিত সমবায় সমিতিগুলোর মধ্যে ১৭টি অডিট কার্যক্রম সম্পাদন করা হয়েছে। নতুন ২টি সমিতির নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ২টি সমিতির নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। নিবন্ধনের জন্য ০২টি আবেদন পাওয়া গেছে এবং নিবন্ধনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া ঘূর্ণায়মান তহবিলের ঋণ কার্যক্রম সুষ্ঠূভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, থানচি, বান্দরবান |
| ১৬. | **বন বিভাগ ঃ** থানচি রেঞ্জ ও মিবক্ষ্যা রেঞ্জ কর্মকর্তাগন বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। মিবক্ষ্যা রেঞ্জ কর্মকর্তা আরও জানান যে, বর্তমানে সাঙ্গু ফরেষ্ট রিজার্ভ সরকারী বনাঞ্চল থেকে কাঠ, বাঁশ কর্তনসহ বন্যপ্রাণী পাচারের কোন তথ্য নেই। এ বিষয়ে রেঞ্জ কর্মকর্তাগণ সজাগ রয়েছে। তাছাড়া এ উপজেলায় জোত পারমিটের আড়ালে কেউ যাতে সরকারী বন উজাড় করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখাসহ যে কোন তথ্য আইন-শৃংখলা বাহিনী এবং উপজেলা প্রশাসনকে অবহিত করার বিষয়ে উপস্থিত জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সকল রেঞ্জ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | রেঞ্জ কর্মকর্তা (সকল), থানচি, বান্দরবান |
| ১৭. | **উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয় ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, আদমশুমারীর বর্তমান নাম ২০১৩সালের পরিসংখ্যান আইন অনুযায়ী জনশুমারী করা হয়েছে। ৬ষ্ঠ জনশুমারী আগামী ২৫-৩১ অক্টোবর ২০২১ তারিখে সারাদেশে একযোগে পরিচালিত হবে। এ উপলক্ষে প্রথম জোনাল অপারেশন কার্যক্রম গত ২৩.০১.২০২১ হতে শুরু হয়ে ০১.০২.২০২১ খ্রি: শেষ হয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখাসহ ৬ষ্ঠ জনশুমারীর সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, থানচি, বান্দরবান |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানানযে, তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, থানচি, বান্দরবান |
| ১৯. | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ঃ উপজেলা প্রকল্প ব্যবস্থাপক এর অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | পরবর্তী সভায় উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, পা:চ:উন্ন:বোর্ড থানচি, বান্দরবান |
| ২০. | আমার বাড়ী আমার খামার প্রকল্প (এ:বা:এ:খা:) ঃ উপজেলা সমন্বয়কারী প্রকল্পের কাজ সন্তোষজনক মর্মে জানান। জুলাই/২০২১ প্রকল্প কাজের অগ্রগতি নিম্নরুপ: সমিতি গঠন-৯০টি, সদস্য অর্ন্তভূক্তি-৩৯৫৩ জন, সঞ্চয় জমা-০.৭৪ লক্ষ টাকা, কল্যান অনুদান প্রাপ্তি- ৭০.৭৯ লক্ষ টাকা, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি- ২১০.৩৪ লক্ষ টাকা, মোট তহবিল-২৮১.৮৭ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ- ২১.২০ লক্ষ টাকা, মোট ঋণ আদায়-৮.৭১ লক্ষ টাকা। তাছাড়া মাঠ পর্যায়ে আমার বাড়ী আমার খামার প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গতিশীল রাখার নিমিত্ত মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বকারীকে (আ:বা:আ:খা:) অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়কারী, (আ:বা:আ:খা: প্রকল্প), থানচি, বান্দরবান |
| ২১. | উপজেলা রিসোর্স সেন্টার ঃ ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, থানচি বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানান। তিনি আরও জানান যে, কোভিড-১৯ এর কারণে প্রাথমিক বিদ্যালয়ের শিখন শেখানো কার্যক্রম ও শিক্ষকগনের প্রশিক্ষণ বন্ধ রয়েছে। বিদ্যালয়ের শিক্ষার্থীগনের সাথে ব্যক্তিগত ভাবে শিক্ষকগনের যোগাযোগ রয়েছে ও বাড়িতে শিক্ষার্থীগনের পড়াশোনার বিষয়ে লক্ষ্য রাখছেন। ঘরে বসে শিখি কার্যক্রম বাস্তবায়নে শিক্ষকগণ সহায়তা করছেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, থানচিকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, থানচি, বান্দরবান |
| ২২. | বিবিধ ঃ ক) উপজেলা ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে তাগিদ দেয়া হচ্ছে। এ উপজেলায় বিভিন্ন বিভাগে চলমান উন্নয়নমূলক কাজের ডাটা সংরক্ষণ ও ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। | ক) উপজেলা ওয়েব পোর্টাল হালনাগাদ করার লক্ষ্যে স্ব স্ব বিভাগে বাস্তবায়নাধীন গত অর্থবছরসহ চলতি ২০২০-২১ অর্থবছরের উন্নয়নমূলক কাজের ডাটা (সফট্ কপি) হালনাগাদকরণসহ আগামী সভায় হালনাগাদ প্রতিবেদন উপস্থাপন করার জন্য সকল বিভাগীয় প্রধানকে অনুরোধ জানানো হয়। পাশাপাশি ইউনিয়ন ওয়েব পোর্টাল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও উদ্যোক্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ উদ্যোক্ত (সকল), থানচি, বান্দরবান |

উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(খোয়াইহ্লা মং মারমা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
থানচি, বান্দরবান পার্বত্য জেলা।

CS CamScanner

স্মারক নং-উ:প:থা/পরিষদ সভা/ ২০২১. ৩৮২/৫,                                    তারিখ ঃ ২২/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় সংসদ সদস্য, ৩০০নং আসন, বান্দরবান পার্বত্য জেলা ও উপদেষ্টা, থানচি উপজেলা পরিষদ।
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪.বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫.পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৭. মূখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান/সংরক্ষিত মহিলা আসন সদস্য, উপজেলা পরিষদ, থানচি।
৯. জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা।
১০. উপজেলা ..................................................................................কর্মকর্তা (সকল), থানচি।
১১. চেয়ারম্যান, থানচি/বলিপাড়া/রেমাক্রী/তিন্দু ইউনিয়ন পরিষদ, থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
১২. জনাব ..................................................................................., থানচি।
১৩. অফিস কপি।

(আতাউল গনি ওসমানী)
উপজেলা নির্বাহী অফিসার
থানচি, বান্দরবান পার্বত্য জেলা।

CamScanner